



সতর্কতা

আবু হুরায়রা বর্ণনা করেন যে, নবী (সাঃ) বলেছেন:

'একজন মুমিনকে একই গর্ত থেকে দুইবার দংশন করা হয় না'।

মুসলিম, ইবনে মাজাহ

নবী (সাঃ) এখানে “কামড়ানো” শব্দ ব্যবহার করেছেন যা মূলতঃ সরীসৃপ বা অন্যান্য বিষাক্ত প্রাণীর কামড়ের সাথে সম্পর্কিত। এই হাদিসটির অর্থ হল, যদিও একজন বিশ্বাসীর পক্ষে সাপ বা অনুরূপ প্রাণীর কামড়ের শিকার হওয়া স্বাভাবিক ঘটনা, কারণ তা তার অজান্তে হয়েছে, কিন্তু তবুও একই রকমের ঘটনা দ্বিতীয় বার ঘটতে দেওয়া উচিত নয়। তাকে সবসময় সতর্ক থাকতে হবে যেন সে একই ভুল দুবার না করে, অথবা বাস্তব বিপদকে উপেক্ষা করার মতো একই পরিস্থিতিতে না পড়ে।

বদর যুদ্ধের সময়, মুসলমানদের দ্বারা বন্দী হওয়া অবিশ্বাসীদের একজন ছিলেন আবু আজ্জাহ। তিনি ছিলেন একজন কবি যে প্রায়শই ইসলাম এবং নবীকে (সঃ) কবিতা লিখে অপমানিত করতেন। নবী (সাঃ) যখন সিদ্ধান্ত নেন যে মুক্তিপণের বিনিময়ে বন্দীদের মুক্ত করা যেতে পারে, তখন আবু আজ্জাহ নবীর (সঃ) সাথে কথা বলেন এবং তাকে মুক্তিপণ ছাড়াই মুক্তি দেওয়ার জন্য তার কাছে আবেদন করেছিলেন, কারণ তিনি দরিদ্র ছিলেন এবং তার একটি পরিবার ছিল। লোকটি প্রতিশ্রুতি দেওয়ার পর নবী (সাঃ) তার অনুরোধটি অনুমোদন করলেন এই শর্তে যে তিনি আর কখনও নবীর (সঃ) সমালোচনা করবেন না বা ইসলামকে আক্রমণ করবেন না। যাইহোক, তাকে তার স্বাধীনতা প্রদানের পরপরই, আবু আজ্জাহ তার কবিতায় নবীকে (সঃ) আবার অবমাননা করে এবং ইসলামকে ব্যঙ্গ করে। কয়েক দিন পর তিনি আবার মুসলমানদের দ্বারা বন্দী হন। আবার তিনি তার মুক্তির জন্য নবীর (সঃ) কাছে আবেদন করেন একথা বলে যে তাকে তার দরিদ্র পরিবারকে সাহায্য করতে হয়। তার আবেদনের জবাবে, নবী (সাঃ) এই কথাটি বলেছিলেনঃ **'একজন মুমিনকে একই গর্ত থেকে দুইবার দংশন করা হয় না'।**

সুতরাং, হাদিসটির অর্থ হল যে একজন বিশ্বাসীর কখনই এতটা নির্বোধ হওয়া উচিত নয় যে সে একই কৌশলে একাধিকবার প্রতারিত হবে।

সূত্রঃ "Al-Adab al-Mufrad with Full Commentary: A Perfect Code of Manners and Morality" - Adil Salahi